

সোনালী ব্যাংক পিএলসি

কৃষি ভিত্তিক প্রকল্প অর্থায়ন বিভাগ

স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ (০১) হৃদয় এগ্রো ইন্ডাস্ট্রি লিমিটেড, ভূইপাড়া, রাজবাটী, দিনাজপুর সদর, দিনাজপুর প্রকল্পের অফিস-১৫০, নাহার বিল্ডিং (৫ম তলা), মতিঝিল, ঢাকা ও কারখানা: ভূইপাড়া, রাজবাটী, দিনাজপুর সদর, দিনাজপুর। (২) জনাব মোঃ সাইফুল্লাহ, পিতা-মোঃ হেদায়েত উল্লাহ, মাতাজবেদা বেগম, ব্যবস্থাপনা পরিচালক- হৃদয় এগ্রো ইন্ডাস্ট্রি লিমিটেড, স্থায়ী ও বর্তমান ঠিকানা- মালদহপট্টা, ডাকঘর-দিনাজপুর সদর, উপজেলা-ঐ-, জেলা- দিনাজপুর। (৩) জনাব মোছাঃ তছলিমা, পিতা-মোঃ মাসুম চৌধুরী, মাতা- মোসলেমা চৌধুরী, স্থায়ী ঠিকানাঃ মালদহপট্টা, ডাকঘর-দিনাজপুর সদর, উপজেলা-ঐ-, জেলা-দিনাজপুর।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, এ শাখা হইতে গৃহীত উপর্যুক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ০২-০৯-২০২৬ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ৬,৬৫,৭১,০৮৪.৩৮.০০ টাকা (কথায়ঃ ছয় কোটি পয়ষট্টি লক্ষ একাত্তর হাজার চুরাশি টাকা আটত্রিশ পয়সা মাত্র) এবং আদায়কালতক সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে নিম্ন তফসিলভুক্ত হাইপোঃ মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে) ও বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ (৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে-

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল

সম্পত্তির তফসিল 'ক'

জেলা-দিনাজপুর, থানা-দিনাজপুর সদর, সাব-রেজিস্ট্রি অফিস-দিনাজপুর সদর, মৌজা-ভূইপাড়া, জে.এল নং- সি.এস-৬৯, এস.এ-৬৯, খতিয়ান নং-সি.এস-৭৩, এস.এ-৬৯, নামজারী খতিয়ান নং-৩৯৪, জোত নং-৪৬৯, দাগ নং-সি.এস-২০৮, এস.এ-২০৮, জমির পরিমাণ-৫০.০০ (পঞ্চাশ) শতাংশ মাত্র। তদুপরিস্থিত নির্মিত/নির্মিতব্য অবকাঠামো, দালান, যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি বন্ধকীকৃত সম্পত্তি বটে। যাহার চৌহদ্দিঃ- উত্তরে-নাওয়ার ভিটা (শিন শর্মা নাপিত), রণজিতের বাড়ী, দক্ষিণে-পাকা রাস্তা, পূর্বে-কাঁচা রাস্তা, পশ্চিমে-রণজিৎ রায়, দিনু চন্দ্র, দুখুর সন্তোষ বাংড়ো ও ডোকো সমর বাবু।

সম্পত্তির তফসিল-খ

জেলা-দিনাজপুর, থানা-দিনাজপুর সদর, সাব-রেজিস্ট্রি অফিস-দিনাজপুর সদর, মৌজা-ভূইপাড়া, জে.এল নং- সি.এস-৬৯, এস.এ-৬৯, খতিয়ান নং-সি.এস-৭৩, এস.এ-৬৯, সাবেক নামজারী খতিয়ান নং-৩৮০, সাবেক জোত নং-৪৫১, দাগ নং- সি.এস-২০৮, ২০৯, ২১১, এস.এ-২০৮, ২০৯, ২১১, জমির পরিমাণ-১৪১ (একশত একচল্লিশ) শতাংশ মাত্র। তদুপরিস্থিত নির্মিত/নির্মিতব্য অবকাঠামো, দালান, যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি বন্ধকীকৃত সম্পত্তি বটে। যাহার চৌহদ্দিঃ- উত্তরে-নাওয়ার ভিটা (শিন শর্মা নাপিত), রণজিতের বাড়ী, দক্ষিণে-পাকা রাস্তা, পূর্বে-কাঁচা রাস্তা, পশ্চিমে-রণজিৎ রায়, দিনু চন্দ্র, দুখুর সন্তোষ বাংড়ো ও ডোকো সমর বাবু।

সম্পত্তির তফসিল 'গ'

জেলা-দিনাজপুর, থানা-চিরির বন্দর, সাব-রেজিস্ট্রি অফিস-চিরির বন্দর, মৌজা-আব্দুলপুর, জে.এল নং- সি.এস-৭৬, এস.এ-৭৬, খতিয়ান নং-সি.এস-৪৮৫, ৪৮১, ৪২৫, এস.এ-৭৬২, ৭৫৫, ৬৪৯, নামজারী খতিয়ান নং-১৮৫৪, জোত নং- ১৮৫৪, দাগ নং-সি.এস-১০৫২, ৪০৯৯, ৪১৩০, ৬০৯৪, এস.এ-১০৫২, ৪০৯৯, ৪১৩০, ৬০৯৪। জমির পরিমাণ:- (১৭.০০+১৭.৫০+৪৭.০০+৪৮.৫০) = ১৩০.০০ (একশত ত্রিশ) শতাংশ মাত্র। তদস্থিত নির্মিত নির্মিতব্য যাহা কিছু আছে।

যাহার চৌহদ্দি :-

দাগ নং	উত্তরে	দক্ষিণে	পূর্বে	পশ্চিমে
১০৫২	জেবা	রাস্তা	রহিম	রহিম
৪০৯৯	জেবা	রাস্তা	ঐ	ঐ
৪১৩০	ঐ	ঐ	ঐ	ঐ
৬০৯৪	হাছান মিয়া	মাদ্রাসা রোড	হাছান	রাস্তা

-৪ শর্ত সমূহ :-

- ০১) আগামী ০৯-১০-২৫ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, স্থানীয় কার্যালয়, কৃষি ভিত্তিক প্রকল্প অর্থায়ন বিভাগ, ঢাকায় রক্ষিত দরপত্র বাঞ্ছা জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাঞ্ছা খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত কার্যালয়ে পোছাইতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

- ০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া/দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/ মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে) অথবা সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।
- ০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলোঃ

	আর্নেস্ট মানি/জামানতের পরিমাণ	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক)	উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
খ)	উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
গ)	উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

- ০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা(আহৃত হইবার পর ০৩নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
- ০৫) দরপত্রে উল্লেখিত তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।
- ০৬) দরপত্রদাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবিত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করতে হবে।
- ০৮) ঋণগ্রহীতা/ঋণগ্রহীতার নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এর কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।
- ০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।
- ১১) নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তির সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।



ডেপুটি জেনারেল ম্যানেজার
কৃষি ভিত্তিক প্রকল্প অর্থায়ন বিভাগ
সোনালী ব্যাংক পিএলসি.
স্থানীয় কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
মোবাইল-০১৩১৩৪৯১০২২।